

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ২১৩-আইন/আয়কর-৪/২০২৬।—আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ষষ্ঠ তফসিলের অংশ ৩ এর অনুচ্ছেদ ২ এর দফা (১৩) এর বিধানের আওতায় নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহকে জনকল্যাণমূলক প্রতিষ্ঠান হিসেবে গণ্য করিয়া উক্ত প্রতিষ্ঠানসমূহের অনুকূলে কোনো স্বাভাবিক ব্যক্তি করদাতা কর্তৃক প্রদত্ত দান বা অনুদানকে উক্ত করদাতার অনুকূলে উক্ত আইনের অধীন প্রদেয় আয়কর হইতে রেয়াত প্রদান করিল, যথা:-

- (১) ASHIC, Foundation for Childhood Cancer;
- (২) বাংলাদেশ ক্যান্সার এইড ট্রাস্ট (BANCAT);
- (৩) আল-মারকাজুল ইসলামী;
- (৪) Disabled Child Foundation (DCF);
- (৫) শেরপুর ডায়াবেটিক সমিতি;
- (৬) মাওনা ডায়াবেটিক এসোসিয়েশন;
- (৭) বাংলাদেশ থ্যালাসেমিয়া সমিতি;
- (৮) অটিজম ওয়েলফেয়ার ফাউন্ডেশন;
- (৯) ব্র্যাক (brac);
- (১০) রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশন, ঢাকা; এবং
- (১১) চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল।

২। এই প্রজ্ঞাপন ০১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে এবং ইহা ৩০ জুন, ২০৩০ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।